

হৃদরোগীদের কল্যাণে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, গোপালগঞ্জ-এর সভা অনুষ্ঠিত

হৃদরোগীদের কল্যাণে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন গোপালগঞ্জ-এর নির্বাহী কমিটির এক জরুরি সভা কমিটির সভাপতি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ-এর সভাপতিত্বে আজ মঙ্গলবার ৯ জানুয়ারি ২০১৮, সকালে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় স্থায়ীভাবে গোপালগঞ্জে একটি ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন নির্মাণের লক্ষ্যে দ্রুত স্থান (জায়গা) নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সংগঠনের সহ-সভাপতি গোপালগঞ্জ সদর উপজেলা চেয়ারম্যান জনাব লুৎফর রহমান বাচ্চু, সহ-সভাপতি ডা. চৌধুরী শফিকুল আলম, সাধারণ সম্পাদক ডা. আবিদ হাসান শেখ, কোষাধ্যক্ষ ডা. মুহাম্মদ কামাল হোসেন, সাংগঠনিক সম্পাদক জনাব শাকিল আহমেদ বিপ্লব, সদস্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব জনাব এস এম মোস্তফা কামাল মুরাদ, সদস্য বিএসএমএমইউ-এর ডা. শেখ সাইফুল ইসলাম শাহীন প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রয়োজনে যোগাযোগ: সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ
০১৭১১৫৪২৪৬২